

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd


স্মারক নং-১৮৯৭

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: সারাদেশে অধস্তন আদালতে ও জেলা আইনজীবী সমিতিতে সংরক্ষিত আদালত সম্পর্কিত মূল্যবান সামগ্রী ও ঐতিহাসিক দলিলপত্র বাংলাদেশ সুপ্রীম কোর্ট জাদুঘরে সংরক্ষণের উদ্দেশ্যে তথ্য প্রেরণ প্রসঙ্গে।

নির্দেশিত হয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট জাদুঘর কমিটির গত ০৬/০২/২০২৩ খ্রি: তারিখের সভায় সারাদেশে অধস্তন আদালতে ও জেলা আইনজীবী সমিতিতে সংরক্ষিত আদালত সম্পর্কিত মূল্যবান সামগ্রী ও ঐতিহাসিক দলিলপত্র বাংলাদেশ সুপ্রীম কোর্ট জাদুঘরে সংরক্ষণের উদ্দেশ্যে তথ্য প্রেরণের জন্য দেশের সকল জেলার জেলা ও দায়রা জজ বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, দেশের প্রত্যেক জেলার অধস্তন আদালতে ও জেলা আইনজীবী সমিতিতে সংরক্ষিত বা গোচরীভূত আদালতে ব্যবহৃত হয়েছে এমন পুরাতন মূল্যবান সামগ্রী ও ঐতিহাসিক দলিলপত্র বাংলাদেশ সুপ্রীম কোর্ট জাদুঘরে সংরক্ষণের উদ্দেশ্যে উল্লিখিত বিষয়ক তথ্যাবলি (প্রযোজ্য ক্ষেত্রে ছবিসহ) আগামী ১০/০৩/২০২৩ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর (দৃষ্টি আকর্ষণ: স্পেশাল অফিসার, সাচিবিক সহায়তাকারী কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট জাদুঘর) ডাকযোগে (জিইপি) এবং পত্রের কপি ই-মেইল এর মাধ্যমে muajjem.splo@supremecourt.gov.bd ঠিকানায় প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল জেলা ও দায়রা জজকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মুন্সী মোঃ মশিয়ার রহমান)
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ
ফোন: ০২-৯৫১৪৬৪৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. জেলা ও দায়রা জজ..... (সকল) (জেলা আইনজীবী সমিতির সভাপতি/সাধারণ সম্পাদক-কে অবগতকরণ সহ সার্বিক সমন্বয়ের জন্য অনুরোধ করা হলো)।
২. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।